



প্রেস বিজ্ঞপ্তি

২৪ অক্টোবর, ২০২১



সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে বাউবি'তে মানববন্ধন

অসাম্প্রদায়িক চেতনায় স্বাধীন বাংলাদেশে উগ্র ধর্মান্ধ গোষ্ঠীর ঘৃণ্য অপতৎপরতার প্রতিবাদ ও দ্রুত বিচার দাবী করে আজ রবিবার (২৪ অক্টোবর, ২০২১) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রধান ফটকে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, ডিরেক্টর্স কাউন্সিলের ব্যানারে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে এ মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার অংশ নেন। মানববন্ধনে অংশ নিয়ে উপাচার্য সাম্প্রদায়িক সহিংসতার এ পরিকল্পিত ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন। মানববন্ধনে বক্তব্য রাখেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ডাঃ সরকার মোঃ নোমান, বঙ্গবন্ধু আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন রত্না, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল বাউবি, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম ও ডিরেক্টর্স কাউন্সিলের সভাপতি মোঃ হিমায়েত মিয়া, পরিচালক অর্থ ও হিসাব বিভাগ, বাউবি। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এ মানব বন্ধনে উপস্থিত ছিলেন।

আবুল কাশেম শিখদার

(মোঃ আবুল কাশেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি, গাজীপুর-১৭০৫।

বার্তা সম্পাদক